

স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য
উপজেলা সমবায় কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম

১। ‘তথ্য’ অর্থে উপজেলা সমবায় কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম এর গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যে কোন স্মারক , বই , নকশা , মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত , লগ বই, আদেশ, বিজ্ঞপ্তি , দলিল , নমুনা , পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র , অডিও , ভিডিও , অঙ্কিত চিত্র, ফিল্ম, ইলেক্ট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইন্সট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দালিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য –নির্বিশেষে অন্য যে কোন তথ্যবহ বস্তু বা এদের প্রতিলিপিও এর অন্তর্ভুক্ত হবে। তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোটশীট বা নোটশীটের প্রতিলিপি এর অন্তর্ভুক্ত হবে না।

২) ‘স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য’ মূলত উপজেলা সমবায় কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম স্ব-প্রণোদিত হয়ে নোটিশ বোর্ড, ওয়েবসাইট, ব্রশিওর, মুদ্রিত বই বা প্রতিবেদন, বিলবোর্ড, সাইন বোর্ড, স্টিকার, পোস্টার, বুকলেট, লিফলেট, নিউজ লেটার, পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে প্রচারণাসহ অন্যান্য গ্রহণযোগ্য মাধ্যমে প্রকাশ ও প্রচার করবে।

৩) “স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য” চেয়ে কোন নাগরিক আবেদন করলে তখন তা চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্য হিসেবে বিবেচিত হবে এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত পন্থায় আবেদনকারীকে তা প্রদান করবেন।